# দেশে প্রথম গুলশানে দলীয় কার্যক্রম শুরু করলেন তারেক রহমান



সংগৃহীত ছবি

দীর্ঘ প্রবাসজীবন শেষে দেশে ফিরে প্রথমবারের মতো গুলশানে বিএনপির চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে উপস্থিত হয়ে দলীয় কার্যক্রমে অংশ নিলেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। নেতাকর্মীদের মধ্যে এ ঘটনায় নতুন উদ্দীপনা সৃষ্টি হয়েছে বলে দাবি দলের শীর্ষ নেতাদের।

দীর্ঘ ১৭ বছর পর দেশে প্রত্যাবর্তনের পর রোববার (২৮ ডিসেম্বর) দুপুরে গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে যান দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। এটি দেশে ফেরার পর ওই কার্যালয়ে তার প্রথম আনুষ্ঠানিক উপস্থিতি।

কার্যালয়ে পৌঁছালে তাকে স্বাগত জানান দলের স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন, ড. আবদুল মঈন খান, আমীর খসরু মাহমুদ চৌধুরী ও গয়েশ্বর চন্দ্র রায়সহ শীর্ষ নেতারা।

এ সময় আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, তারেক রহমানের উপস্থিতিতে নেতাকর্মীদের মধ্যে নতুন প্রাণচাঞ্চল্য সৃষ্টি হয়েছে। আসন্ন নির্বাচনকে সামনে রেখে তিনি দেশের বিভিন্ন এলাকায় সফর করবেন বলেও জানান তিনি। দেশের মানুষ যে পরিবর্তনের প্রত্যাশা করছে, তারেক রহমানের সক্রিয় ভূমিকা সেই আকাঙ্ক্ষা বাস্তবায়নে সহায়ক হবে বলে মন্তব্য করেন তিনি।

অন্যদিকে ড. খন্দকার মোশাররফ হোসেন জানান, নির্বাচন কমিশনের সঙ্গে সহযোগিতার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। দলের যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, গুলশান কার্যালয়ে তারেক রহমানের আগমন দলকে সাংগঠনিকভাবে আরও শক্তিশালী করবে।